



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ৪৩৬/৩/১২৪/৪৬০

তারিখ: ২০/০৪/২০২৪

বিষয় : কলেজের অধ্যক্ষ (বরখাস্তকৃত) জনাব মো: ফরহাদ আজিজ-কে স্বপদে পূর্ববহাল প্রসঙ্গে।

- সূত্র : (১) গভর্নিং বডি'র সিদ্ধান্তসহ ১১/০৭/২০২৩ তারিখের আবেদন।  
 (২) পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের ০৭/১১/২০২৩ তারিখের তদন্ত প্রতিবেদন।  
 (৩) বোর্ডের ১৯/০৩/২০২৪ তারিখের তদন্ত প্রতিবেদন।  
 (৪) বোর্ডের ২৮/০৩/২০২৪ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির যাচাই বাছাই ও মতামত।  
 (৫) ২৮/০৩/২০২৪ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক যাচাই বাছাইয়ের ভিত্তিতে ০৪/০৪/২০২৪ তারিখের ২৩০ তম বোর্ড সভায় অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কলেজের অধ্যক্ষ (বরখাস্তকৃত) জনাব মো: ফরহাদ আজিজ-এর চূড়ান্ত বরখাস্তের স্বপক্ষে আনীত অভিযোগসমূহ বিস্তারিত আলোচনা, তদন্ত প্রতিবেদনের সুপারিশ ও তথ্য উপাত্ত বিশ্লেষণ করে বিগত ২৮/০৩/২০২৪ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় গভর্নিং বডি কর্তৃক তাঁর চূড়ান্ত বরখাস্তের বিষয়টি বিধিসম্মত নয় মর্মে প্রতীয়মান হয়েছে। উক্ত আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ থেকে অব্যাহতি ও বকেয়া বেতন ভাতাদি প্রদান-সহ স্বপদে পূর্ববহালের জন্য সুপারিশ করা হয়। বিগত ০৪/০৪/২০২৪ তারিখে অনুষ্ঠিত ২৩০-তম বোর্ড সভায় কলেজটির অধ্যক্ষ (বরখাস্তকৃত) জনাব মো: ফরহাদ আজিজ-কে গভর্নিং বডি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়ে গৃহীত সিদ্ধান্তটি বাতিল করে বকেয়া বেতন ভাতাদি প্রদান-সহ তাঁকে স্বপদে পূর্ববহাল করার বিষয়টি অনুমোদন লাভ করে।

এমতাবস্থায়, পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে অধ্যক্ষ (বরখাস্তকৃত) জনাব মো: ফরহাদ আজিজ-কে বকেয়া বেতন ভাতাদি প্রদান-সহ স্বপদে পূর্ববহাল করে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

  
২৭.৪.২৪

প্রফেসর আজাদ হোসেন চৌধুরী

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৯৬৬৯৮১৩

প্রাপক: সভাপতি, গভর্নিং বডি

স্যার জগদীশ চন্দ্র বসু ইনস্টিটিউশন ও কলেজ

রাঢ়ীখাল, শ্রীনগর

মুন্সীগঞ্জ।

মেমো নং- ৪৬০(২০)

তারিখ: ২০/০৪/২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ।
- ৬। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), স্যার জগদীশ চন্দ্র বসু ইনস্টিটিউশন ও কলেজ, রাঢ়ীখাল, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৭। জনাব মো: ফরহাদ আজিজ, অধ্যক্ষ (বরখাস্তকৃত), স্যার জগদীশ চন্দ্র বসু ইনস্টিটিউশন ও কলেজ, রাঢ়ীখাল, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৮। ম্যানেজার, সংশ্লিষ্ট ব্যাংক।
- ৯। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

  
সচিব ২৭.৪.২৪

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

